


স্মারক নং-৩৩.০২.৫৫৫৮.৫০১.৮১.০০১.২৫.৬৩

তারিখ: ২৯ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
১২ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাগুরা জেলাস্থ শালিখা উপজেলার ০৭ (সাত) টি ইউনিয়নের (প্রকল্পের নীতিমালা অনুযায়ী) প্রকৃত মৎস্যচাষীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তিসেবা সম্প্রসারণ প্রকল্প(৩য় পর্যায়) এর আওতায় সীমিত সংখ্যক প্রদর্শনী পুকুরের জন্য উপকরণ সহায়তা প্রদান করা হবে। উক্ত প্রদর্শনী পাওয়ার জন্য ১০-১৫ শতক আয়তন বিশিষ্ট মাছ চাষের জন্য আদর্শ পুকুর মালিকদের নিকট থেকে নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী ০১/০৬/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে সাদা কাগজে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ০৪/০৬/২০২৬ খ্রিঃ তারিখের পর আর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না। আবেদন প্রাপ্তির পর 'উপজেলা মৎস্যচাষ ব্যবস্থাপনা কমিটি' কর্তৃক প্রকল্পের নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই ও পুকুর পরিদর্শন পূর্বক প্রদর্শনী প্রাপ্তির জন্য চাষী নির্ধারণ করা হবে। প্রদর্শনী প্রাপ্ত মৎস্য চাষীকে তার নিকটবর্তী অন্য ০৪ (চার) জন বন্ধুচাষীর তালিকা সরবরাহ করতে হবে যাদের ১০-১৫ শতক পুকুর আছে। তাদেরকে শুধুমাত্র প্রশিক্ষণ প্রদান করা হবে কিন্তু কোন উপকরণ সহায়তা প্রদান করা হবে না। প্রকল্পের নীতিমালা অনুযায়ী ৪০% নারীদের সম্পৃক্ত করা হবে। সাদা কাগজে দরখাস্ত এর সাথে জাতীয় পরিচয়পত্র সংযুক্ত করতে হবে।


২৬/০৫/২৬
(ফেরদৌসী আক্তার)

উপজেলা মৎস্য কর্মকর্তা(অ:দা:)

শালিখা, মাগুরা।

মোবাইলঃ ০১৭৬৯৪৫৯৫০৮

ইমেইল:ufoshalikh@fisheries.gov.bd

স্মারক নং-৩৩.০২.৫৫৫৮.৫০১.৮১.০০১.২৫.৬৩/১(২)

তারিখ: ২৯ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
১২ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। পরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।

০২। প্রকল্প পরিচালক, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তিসেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, রমনা, ঢাকা।

০৩। জেলা মৎস্য কর্মকর্তা, মাগুরা।

০৪। উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা।

০৫। উপজেলা কৃষি অফিসার, শালিখা, মাগুরা।


০৬। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শালিখা, মাগুরা।

০৭। উপজেলা সমবায় অফিসার, শালিখা, মাগুরা।

০৮। চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, শালিখা, মাগুরা।

০৯। অত্র দপ্তর এবং উপজেলা নির্বাহী অফিসার-এর নোটিশ বোর্ড।

১০। অফিস নথি।


২৬/০৫/২৬
উপজেলা মৎস্য কর্মকর্তা (অ:দা:)
শালিখা, মাগুরা।